# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 08-09-2026** **Time: 1.30 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ, গুজরাটের ভাদোদরায় ৩৫ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। # মুম্বাইতে 'গ্লোবাল ফিনটেক ফেস্ট'-এরও তিনি আজ সূচনা করবেন।

২) লুক্সেমবার্গ, রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্য পদের দাবিকে সমর্থন জানিয়েছে।

৩) সৌদি আরবে একের পর এক হাউথি হামলায় আহত ৭০। এর ফলে ইয়েমেনের গৃহযুদ্ধে চার বছরের শান্তি চুক্তি বিপন্ন।

৪) আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস নানা উনুষ্ঠানের মধ্যে দিয়ে উদযাপিত হচ্ছে।

৫) প্রখ্যাত সঙ্গীতশিল্পী ভারতরত্ন ডক্টর ভূপেন হাজারিকার জন্মশতবার্ষিকীতে উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন।

৬) চীনে পুরুষদের জুনিয়ার এশিয়া কাপ হকিতে ভারত দক্ষিণ কোরিয়াকে ৭-৩ গোলে হারিয়ে আরও একধাপ এগিয়ে গেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ, গুজরাট ও মহারাষ্ট্র সফরে। **গুজরাটের ভাদোদরায়** তিনি ৩৫ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেছেন। শ্রী মোদী এর পাশাপাশি ২০ হাজার ৭০০ কোটি টাকার'ও বেশী ব্যয়ে নির্মিত পশ্চিমাঞ্চলীয় বিশেষ পণ্য পরিবহণ করিডরের তিনটি গুরুত্বপূর্ণ অংশ জাতির উদ্দেশে উৎসর্গ করেন।

বাইট

অনুষ্ঠানে উপস্থিত রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, এখন থেকে বুলেট ট্রেনে চেপে মাত্র দেড় ঘন্টায় ভাদোদরা থেকে মুম্বাই পৌঁছনো যাবে।

( বাইট- বৈষ্ণো/ বুলেট )

প্রধানমন্ত্রী, জাতির উদ্দেশে এই রেল ও অন্যান্য প্রকল্পের উদ্বোধন করে বলেন, বিকশিত ভারত গড়ে তোলার পথে এই প্রকল্পগুলি গুরুত্বপূর্ণ অবদান জোগাবে।

শ্রী মোদী, ৯ হাজার ৭০০ কোটি টাকা মূল্যের'ও বেশি আরও তিনটি রেল প্রকল্প ও প্রায় ১ হাজার ৭৮০ কোটি টাকার তিনটি জাতীয় সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। গুজরাট সরকারের প্রায় ২ হাজার ৬০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন তিনি।

অন্যদিকে **মহারাষ্ট্র সফরে** প্রধানমন্ত্রী মুম্বইয়ে 'গ্লোবাল ফিনটেক ফেস্ট' সম্মেলনের উদ্বোধন  করবেন। ২০২০ সাল থেকে গ্লোবাল ফিনটেক ফেস্ট বা জিএফএফ GFF ডিজিটাল লেনদেন ও আর্থিক অন্তর্ভূক্তির ক্ষেত্রে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ মঞ্চ। এবারে ফেস্টে আলোচ্য বিষয়, কীভাবে কৃত্তিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম প্রযুক্তি ও অন্যান্য উদীয়মান প্রযুক্তির ব্যবহার নাগরিক ও ব্যবসা প্রতিষ্ঠানের সাহায্যে আসবে। ১১ সেপ্টেম্বর পর্যন্ত চলবে এই সম্মেলন।

-----------------------

লুক্সেমবার্গের উপ-প্রধানমন্ত্রী এবং বিদেশমন্ত্রী জাভিয়ের বেটেল রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদের দাবিকে সমর্থন করেছেন। তিনি বলেন, বর্তমান বিশ্বব্যবস্থার বাস্তবতাকে তুলে ধরতে নিরাপত্তা পরিষদে সংস্কার প্রয়োজন।

একটি সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে বেটেল বলেন, ভারতের বিশাল ভূখন্ড এবং আন্তর্জাতিক গুরুত্বের কারণে নিরাপত্তা পরিষদে ভারতের অন্তর্ভুক্তি অত্যন্ত জরুরি। তিনি বলেন, বর্তমানে স্থায়ী সদস্যপদ না থাকা ভারত ও ব্রাজিলের মতো গুরুত্বপূর্ণ দেশগুলিকে নিয়ে নিরাপত্তা পরিষদের সম্প্রসারণ করা যেতে পারে।

বর্তমান ভেটো ব্যবস্থারও সমালোচনা করেন বেটেল। তিনি ভেটো ব্যবস্থাকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবশিষ্টাংশ বলে অভিহিত করেছেন।

নিরাপত্তা পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থনে কোনও ভেটোকে অতিক্রম করার ব্যবস্থা করা যেতে পারে বলে প্রয়াব দেন তিনি।

উল্লেখ্য, জাভিয়ের বেটেল তিন দিনের সরকারি সফরে বর্তমানে ভারতে রয়েছেন।

------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং তিন দিনের সরকারি সফরে আজ শ্রীলঙ্কা যাচ্ছেন। সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী সিং বলেছেন, ভারত ও শ্রীলঙ্কার মধ্যে দীর্ঘস্থায়ী অংশীদারিত্ব ছাড়াও ঐতিহাসিকভাবে দুই সভ্যতার মধ্যে সম্পর্ক রয়েছে। প্রতিবেশীই প্রথম এবং মহাসাগর কর্মসূচির আওতায় শ্রীলঙ্কা, ভারতের গুরুত্বপূর্ণ শরিক দেশ। শ্রীলঙ্কার নেতৃবৃন্দের সঙ্গে অর্থপূর্ণ আলোচনার দিকে তিনি তাকিয়ে আছেন বলে উল্লেখ করে প্রতিরক্ষা মন্ত্রী জানিয়েছেন। তার এই সফরে ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গেও তিনি মিলিত হবেন।

------------------------

পাকিস্তানের বালুচিস্তান প্রদেশে ইমরান আলীর বিচারবিভাগ বহির্ভূত হত্যা ও জোর করে গায়েব করার অভিযোগ নিয়ে রাষ্ট্রসংঘ মানবাধিকার বিশেষজ্ঞরা গভীর উদ্বেগ প্রকাশ করেছে। তারা পাকিস্তান সরকারকে এই বিনা বিচারে আটক ও মৃত্যুর নিরপেক্ষ ও স্বতন্ত্র তদন্তের অনুরোধ জানিয়েছে।

গত বছর আগস্ট মাসে নিরাপত্তা বাহিনীর হাতে আটক হওয়ার পর এক বছর তাঁর কোনো হদিশ পাওয়া যায় নি। পাকিস্তান কর্তৃপক্ষ পরে জানায় এ বছর মে মাসে এক এনকাউন্টারে তার মৃত্যু হয়েছে।

------------------------

ইরানের ওপর মার্কিন হামলা হলে , উপসাগরীয় অঞ্চলে জ্বালানি পরিকাঠামোর ওপর ইরান পাল্টা আঘাত করবে বলে, মার্কিন যুক্তরাষ্ট্রকে হুঁশিয়ারি দিয়েছে ।

উল্লেখ্য , মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে জাহাজ চলাচল সংক্রান্ত পারস্পরিক হামলার জেরে তেলের দাম প্রায় ছয় সপ্তাহের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁচেছে। ইরানের সংসদীয় অধ্যক্ষ মোহাম্মদ বাকের কালিবফ বলেন, ইরানের সম্পদে আঘাত করা হলে তাঁরাও পাল্টা আঘাত করবেন। এদিকে উপসাগরীয় অঞ্চলে জ্বালানি সরবরাহ স্বাভাবিক করার ক্ষেত্রে কোনো কূটনৈতিক প্রচেষ্টার লক্ষণ এখনও দেখা যায়নি ।

ইরানের বরিষ্ঠ নিরাপত্তা আধিকারিক মোহসেন রেজাই জানান, তেহরান শীঘ্রই উপসাগরীয় অঞ্চলে একটি 'সীমাবদ্ধ এলাকা' (restricted zone) চিহ্নিত করবে এবং ওই প্রণালী দিয়ে জাহাজ চলাচলের জন্য একটি নতুন পথ বা করিডোর চালু করবে। এরপর সীমাবদ্ধ এলাকায় প্রবেশকারী জাহাজগুলিকে ইরানের নিষেধাজ্ঞার তালিকায় অন্তর্ভুক্ত করা হতে পারে ।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সম্পর্কে অবমাননাকর মন্তব্যের অভিযোগে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর বিরুদ্ধে জারি হওয়া সমন বাতিল করতে বম্বে হাইকোর্ট অস্বীকার করেছে। বিচারপতি এন আর বোরকারের বেঞ্চ এক ম্যাজিস্ট্রেট আদালতের এই সমন জারিকে চ্যালেঞ্জ করে রাহুল গান্ধী হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন।

তবে হাইকোর্ট তাঁকে সুপ্রিম করতে যাওয়ার জন্য ছয় সপ্তাহ সময় দিয়েছেন। রাফায়েল চুক্তি নিয়ে শ্রী গান্ধীর ২০১৮ সালের এক মন্তব্য নিয়ে এই মামলা।

------------------------

প্রখ্যাত সংগীত শিল্পী এবং অসম বিধানসভার প্রাক্তন সদস্য ভারতরত্ন ড. ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকীতে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

এক সমাজমাধ্যম বার্তায় শ্রী মোদী বলেছেন, ড. হাজারিকার কণ্ঠ অসম তথা উত্তরপূর্বের আত্মা ও ভাব সমগ্র দেশের কাছে পৌঁছে দিয়েছিল। কিংবদন্তি এই শিল্পীর গানের মাধ্যমে মানুষ, মানুষের আরো কাছাকাছি আসে।

প্রতিরক্ষা রাজনাথ সিং এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-ও ভূপেন হাজারিকার জন্মশতবর্ষে তার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

------------------------

দিল্লি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনের প্রচার এবং 'ছাত্র সম্বাদ'-এর পরিপ্রেক্ষিতে দিল্লি ট্রাফিক পুলিশ বিশেষ যান চলাচলের নির্দেশিকা জারি করেছে। এর

ফলে বিশ্ববিদ্যালয়ের নর্থ ক্যাম্পাসে সকাল ১০ টা থেকে বিকেল ৪টে পর্যন্ত যানচলাচল ব্যাহত হতে পারে।

------------------------

আজকের প্রসঙ্গে আগামীকাল শুনবেন আলোচনা নেশা মুক্ত ভারত এর দ্বিতীয় তথা শেষ পর্ব। দেবাশীষ চৌধুরী ও দীপ পুরকায়স্থ - সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আগামীকাল রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

------------------------

সৌদি আরবে একের পর এক হাউথি হামলায় ৭০ জনের'ও বেশী জখম হয়েছেন। হাউথি এবং ইয়েমেনে সৌদি সমর্থিত বাহিনীর মধ্যে সংঘর্ষ বাড়তে থাকার মধ্যেই এই হামলা। ইয়েমেনে গৃহযুদ্ধে চার বছরের শান্তি চুক্তি, এর ফলে ভেঙে পড়েছে। সৌদি শহর আবহা, নাজরান, জাজান ও খামিস-মুশাই-তে অসামরিক ব্যক্তি ও আর্থিক প্রতিষ্ঠানের ওপর এই হামলা চালানো হয়।

হাউথিরা অবশ্য এই হামলার বিষয়ে সরকারিভাবে কোনো মন্তব্য করেনি।

------------------------

উত্তর কোরিয়া এবং রাশিয়া তুমেন নদীর ওপর তাদের প্রথম আন্তঃসীমান্ত সড়ক সেতু খুলে দিয়েছে। এর মধ্য দিয়ে দুই দেশের ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এক ধাপ এগোল।

উত্তর কোরিয়ার সরকারি সংবাদমাধ্যম সেতুটিকে গুরুত্বপূর্ণ পরিকাঠামো হিসেবে বর্ণনা করে জানিয়ে, এই সেতু বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সহযোগিতাকে নতুন করে উজ্জীবিত করতে সাহায্য করবে।

উত্তর কোরিয়ার রাসন এবং রাশিয়ার খাসান—এই দুই প্রান্তে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর কোরিয়ার প্রধানমন্ত্রী পাক থে-সং এবং রাশিয়ার প্রধানমন্ত্রী মিখাইল মিশুস্তিন ভার্চুয়ালি অনুষ্ঠানে যোগ দেন।

পাক থে-সং সেতুটিকে দুই দেশের বন্ধুত্বের নতুন প্রতীক হিসেবে উল্লেখ করে বলেন, এটি দ্বিপাক্ষিক সহযোগিতায় নতুন গতি আনবে। অন্যদিকে, মিখাইল মিশুস্তিন বলেন, দুই দেশের সম্পর্ক অভূতপূর্ব উচ্চতায় পৌঁছে একটি সর্বাত্মক কৌশলগত অংশীদারিত্বে পরিণত হয়েছে।

নতুন এই সেতুর মাধ্যমে দুই দেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা, পর্যটন, বাণিজ্য এবং অন্যান্য ক্ষেত্রে যোগাযোগ ও আদান-প্রদান বাড়বে বলে আশা করা হচ্ছে। এতদিন তুমেন নদীর ওপর দুই দেশের মধ্যে একমাত্র যোগাযোগ ব্যবস্থা ছিল একটি রেলসেতু।

------------------------

আজ আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস। গোটা বিশ্ব থেকে নিরক্ষরতা দূরীকরণে র লক্ষ্যে এই দিনটি পালিত হয়। শিক্ষা মন্ত্রী প্রহ্লাদ জোশী আজ সমাজ মাধ্যমে একটি বার্তায় বলেন, স্বাক্ষরতা জ্ঞান, সুযোগ ও ভালো ভবিষ্যতের দ্বার উন্মুক্ত করে। তিনি দেশবাসীকে আজকের দিনে শিক্ষার শক্তিকে উদযাপনের আহ্বান জানিয়েছেন। সেই সঙ্গে নিশ্চিত করতে বলেছেন, যাতে শিক্ষার যাত্রাপথে কেউ পিছিয়ে না পড়ে। শিক্ষাকে প্রতিটি মানুষের মৌলিক অধিকার হিসেবে সুনিশ্চিত করাই এই দিনটি পালনের লক্ষ্য।

------------------------

শহরাঞ্চলের পাশাপাশি এবার গ্রামাঞ্চলেও ২৫ দিন অন্তর LPG সিলিন্ডার বুক করা যাবে। এজন্য কেন্দ্র ইতমধ্যেই রাষ্ট্রায়ত্ত তেল বিপণন সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছে।

পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ গোপী জানিয়েছেন, অবিলম্বে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

উল্লেখ্য, আন্তর্জাতিক বাজারে অস্থিরতা এবং সরবরাহ-জনিত সঙ্কটের কারণে গ্রামের জন্য ৪৫ অন্তর সিলিন্ডার বুকিং-এর নিয়ম চালু করা হয়েছিল। বর্তমানে পরিস্থিতির উন্নতি হ ওয়ায় শহরাঞ্চলের মতো তা' ২৫ দিন করা হল।

------------------------

চীনের মোকিতে আয়োজিত পুরুষদের জুনিয়র এশিয়া কাপ হকিতে দক্ষিণ কোরিয়াকে ৭-৩ গোলে হারিয়ে সেমিফাইনালের দিকে আরও এক ধাপ এগিয়ে গেল ভারত। ম্যাচে, অধিনায়ক আনমোল এক্কা জোড়া গোল করেন। এরপর শেষ কোয়ার্টারে ভারতীয় দল পরপর তিনটি গোল করে জয় নিশ্চিত করে। ভারত বর্তমানে তিন ম্যাচে সাত পয়েন্ট সংগ্রহ করেছে। সেমিফাইনাল নিশ্চিত করতে আগামীকাল চায়নিজ তাইপের বিরুদ্ধে তাদের জিততে হবে ।

------------------------

এশিয়ান গেমস ২০২৬ আগামী ১৯ সেপ্টেম্বর জাপানের আইচি নাগোয়ায় শুরু হবে। চলবে অক্টোবরের ৪ তারিখ পর্যন্ত চলবে প্রতিযোগিতা। ১৭ সেপ্টেম্বর ভারতের মহিলা ক্রিকেট দলের খেলা দিয়ে যাত্রা শুরু করবে ভারত। ক্রিকেটের পাশাপাশি হকি ও কবাডিতেও খেতাবের জন্য লড়াই করবে ভারত। অন্যদিকে ব্যাডমিন্টনে অংশ নিয়েছেন  দুবারের অলিম্পিক পদক বিজয়ী পি ভি সিন্ধু। ভারোত্তোলনে রয়েছেন ভারতের মীরাবাই চানু ও মানু ভাকর।

------------------------

আহমেদাবাদে আয়োজিত ওয়ার্ল্ড আর্চারি প্যারা সিরিজ-এ শীতল দেবী মহিলাদের কম্পাউন্ড ব্যক্তিগত বিভাগের ফাইনালে উঠে ভারতের জন্য একটি পদক নিশ্চিত করেছেন।

আহমেদাবাদে আয়োজিত এই প্রতিযোগিতার সেমিফাইনালে, জম্মুর শীতল দেবী, নিজের দেশের সরিতাকে পরাজিত করে ফাইনালে জায়গা করে নেন। সোনার পদকের লড়াইয়ে তিনি কাজাখস্তানের আইজাদা সাইদানের মুখোমুখি হবেন।

এদিকে , এই প্রতিযোগিতার ফাইনালে আজ, ভারত চারটি স্বর্ণপদক জয়ের লড়াইয়ে খেলতে নামছে ।

প্যারা রিকার্ভ মহিলা দলগত বিভাগে সোনার লড়াইয়ে ভারতের ভাবনা ও পূজা মুখোমুখি হবেন চীনের লিয়াং কিউরোং ও চেন ইউ-এর। অন্যদিকে প্যারা রিকার্ভ পুরুষ দলগত বিভাগে স্বর্ণপদকের লড়াইয়ে ভারতের হরবিন্দর সিং ও বিজয় সুন্দি লড়বেন স্লোভাকিয়ার ডেভিড ইভান ও ডেনিস ইভানের বিরুদ্ধে।

---------------------- ----------------------